

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.১৮৩/১

তারিখ: ০৯ জুন ২০২১ খ্রি.

**০৯/০৬/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আব্দুল্লাহ আল মামুন, পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।  
তারিখ : ০৯/০৬/২০২১খ্রিঃ, রবিবার।  
সময় : বিকাল ০৩:০০ ঘটিকা।  
স্থান : Zoom অ্যাপসের মাধ্যমে ডিডিও কনফারেন্সিং-এ ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভাপতি এবং সদস্যরা সংশ্লিষ্ট নিজ নিজ দপ্তর থেকে ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করেন।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট- ক

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট-কে আহবান জানান। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিস্ট সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্রঃ নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	এনালগ ট্রাকস্কেলকে ডিজিটাল ট্রাকস্কেলে রূপান্তর	প্রস্তাবিত আইডিয়াটি ১০০% বাস্তবায়ন করায় ইনোভেশন অফিসার সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ ধরনের স্কেল খাদ্য বিভাগের কোন গুদামে রয়েছে কিনা তার তথ্য সংগ্রহ করে আইডিয়াটি রেন্নিকেশন করার জন্য আলোচনা হয়।	এ ধরনের স্কেল খাদ্য বিভাগের কোন গুদামে রয়েছে কিনা তার তথ্য সংগ্রহ করে আইডিয়াটি রেন্নিকেশন করতে হবে।	জনাব মোহাম্মদ ফয়জুল্লাহ খান শিবলী, সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো, বগুড়া।
২।	এলএসডি/সিএসডি/সাইলোতে শ্রম ও হ্যান্ডলিং কার্যক্রমে শ্রমিক নিয়োগ, কার্যক্রম পরিচালনা ও শ্রমিক মজুরি নিশ্চিতকরণ।	জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মনবাড়ীয়ার প্রস্তাবটি পরিচালক, চসসা বিভাগ যাচাই বাছাই করে ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়েছে।	জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মনবাড়ীয়ার প্রস্তাবটি পরিচালক, চসসা বিভাগ যাচাই-বাছাই করে পূর্ণাঙ্গ প্রস্তাব পাইলটিং এর অনুমোদনের জন্য খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।	ক) জনাব মোহাম্মদ আমিনুল এহসান, প্রধান রেশনিং কর্মকর্তা, ঢাকা রেশনিং। খ) পরিচালক, চসসা বিভাগ।
৩।	অটোমেটিক চালকলের পাক্ষিক মিলিং ক্ষমতা নির্ণয় ব্যবস্থাপনা	অটোমেটিক চালকলের পাক্ষিক ক্ষমতা নির্ণয় করার জন্য কর্ম-পরিকল্পনা সংশোধন পূর্বক আর্থিক প্রস্তাব প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়েছে। অটোমেটিক চালকলের পাক্ষিক মিলিং ক্ষমতা বর্তমান মিলিং ক্ষমতা নির্ণয় সফওয়্যারের সাথে ইন্ড্রিগেশন করার বিষয়েও আলোচনা হয়েছে।	ক) অটোমেটিক চালকলের পাক্ষিক ক্ষমতা নির্ণয় করার জন্য সংশোধিত কর্ম-পরিকল্পনাসহ আর্থিক প্রস্তাব প্রেরণ করতে হবে। খ) বর্তমান মিলিং ক্ষমতা নির্ণয় সফওয়্যারের সাথে ইন্ড্রিগেশন করতে হবে।	জনাব মোঃ রায়হানুল কবীর, পরিচালক, সংগ্রহ বিভাগ।

১৩/৬/২১

১৩/৬/২১

ক্রঃ নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪।	এলএসডি/সিএসডি'র খামাল ব্যবস্থাপনা মনিটরিং	এলএসডি/সিএসডি'র খামাল ব্যবস্থাপনা মনিটরিং সফটওয়্যারটির পাইলটিং বিষয়ে আলোচনা হয়েছে।	সফটওয়্যারটির পাইলটিং দ্রুত শুরু করতে হবে।	জনাব সুবীর নাথ চৌধুরী, জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
৫।	ডিজিটাল জামানত ব্যবস্থাপনা	প্রস্তাবিত আইডিয়াটি ১০০% বাস্তবায়ন করায় ইনোভেশন অফিসার সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। দেশব্যাপী বাস্তবায়নের জন্য ডিজিটাল জামানত ব্যবস্থাপনার খসড়া নীতিমালা প্রণয়ন করে অনুমোদনের জন্য খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।	দেশব্যাপী বাস্তবায়নের জন্য ডিজিটাল জামানত ব্যবস্থাপনার খসড়া নীতিমালা প্রণয়ন করে অনুমোদনের জন্য খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	জনাব মোঃ ফরহাদ খন্দকার, জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আব্দুল্লাহ আল মামুন)  
পরিচালক, প্রশাসন বিভাগ  
খাদ্য অধিদপ্তর, ঢাকা।  
ফোন- ০২-৯৫৮৬২১৩

ই-মেইল-dadm@dgfood.gov.bd  
২/৫/২০২১

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.১৮৩/১

তারিখ: ০৯ জুন ২০২১ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
- ৩) পরিচালক, প্রশাসন/ সংগ্রহ/ সরবরাহ, বন্টন ও বিপণন/ চলাচল, সংরক্ষণ ও সাইলো/পউকা বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৬) সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো, বগুড়া
- ৭) ইনোভেশন টিমের সকল সদস্য
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কিশোরগঞ্জ / ব্রাহ্মণবাড়িয়া/ শেরপুর

(আব্দুল্লাহ আল মামুন)  
পরিচালক, প্রশাসন বিভাগ  
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২/৫/২০২১